গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৬৮.৯৯.০০৫২.২৬-৭৮৩

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

# পরিপত্র

**বিষয় : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) কর্তৃক বাস্তবায়নাধীন "সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GSID-2)" এর আওতায় ধর্মীয়/সামাজিক প্রতিষ্ঠানের মাধ্যমে স্কিম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং তদারকি কমিটি গঠন।**

এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন "সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২ (GSID-2)"-এর আওতায় ধর্মীয়/সামাজিক প্রতিষ্ঠানের মাধ্যমে স্কিম বাস্তবায়নের লক্ষ্যে সরকার নিম্নবর্ণিতভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এবং বাস্তবায়ন কার্যক্রমের গুণগতমান তদারকির জন্য তদারকি কমিটি গঠন করল:

**(ক) প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন (৫ সদস্য বিশিষ্ট):**

| | | | |
|---|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/পরিচালনা কমিটির সভাপতি | - | আহ্বায়ক |
| ২. | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/পরিচালনা কমিটির কার্যকরী সদস্য ২ জন | - | সদস্য |
| ৩. | স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ১ জন | - | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/পরিচালনা কমিটির সেক্রেটারি | - | সদস্য-সচিব |

শর্তাবলি:

(১) প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/পরিচালনা কমিটির সদস্যগণের উপস্থিতিতে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করতে হবে;
(২) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক পিআইসি অনুমোদিত হতে হবে;
(৩) প্রতিষ্ঠানের নির্ধারিত ব্যাংক হিসাবের মাধ্যমে প্রচলিত বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে আর্থিক লেনদেন পরিচালনা করতে হবে; এবং
(৪) পিআইসি'র সকল সদস্যের অবশ্যই জাতীয় পরিচয় পত্র (এনআইডি) থাকতে হবে।

**প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) কার্যপরিধি:**

(১) সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে প্রকল্প প্রস্তাব গ্রহণের পূর্বে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে সকল প্রয়োজনীয় তথ্য যাচাইপূর্বক স্কিম বাস্তবায়নের প্রস্তাব প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যেন অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থার (যেমন ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও সিটি কর্পোরেশন) সাথে কোনরূপ দ্বৈততা তৈরি না হয়;

(২) প্রকল্পের স্কিম ভিত্তিক ব্যয় ৩-৫ লক্ষ (তিন থেকে পাঁচ লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রকল্প পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন কিংবা এতদসংক্রান্ত ব্যয় বৃদ্ধির প্রবণতা পরিহার করতে হবে। স্কিমের প্রাক্কলন প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ অনুসরণ করতে হবে;

(৩) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী অথবা তার মনোনীত কোন প্রকৌশলী কর্তৃক প্রকল্পের বিস্তারিত ডিজাইন, ড্রইং ও প্রাক্কলন প্রস্তুত করতে হবে এবং সকল প্রাক্কলনই প্রকল্প সদর দপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। অবকাঠামো নির্মাণ/উন্নয়ন/মেরামতের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ব্যবহার ও সর্বোচ্চ সংখ্যক সুবিধাভোগীর ব্যবহারের বিষয় বিবেচনায় রাখতে হবে;

চলমান পৃষ্ঠা-২

(৪) প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/পরিচালনা কমিটির সভার কার্যবিবরণীর মাধ্যমে গঠিত পিআইসি যথাযথ কার্যবিবরণী ও প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ অনুমোদিত স্কিমের বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৩০% অগ্রিম উত্তোলনের প্রস্তাব করতে পারবেন। তবে, বিশেষ ক্ষেত্রে একাধিক অগ্রিম প্রয়োজন হলে অগ্রিম উত্তোলনকৃত অর্থের যথাযথ ব্যয় নিশ্চিত করে যাবতীয় বিল ভাউচারসহ পরবর্তী অগ্রিম গ্রহণ করতে পারবেন।

(৫) অনুমোদিত প্রাক্কলনের আলোকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে অবহিতকরণপূর্বক Pre-Measurement এবং সম্পাদিত কাজের Post-Measurement-সহ যাবতীয় ভাউচারাদি পরীক্ষা-নিরীক্ষা করে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী চূড়ান্ত বিল পরিশোধের সুপারিশ করবেন;

(৬) অনুমোদিত প্রাক্কলন ব্যতিরেকে পিআইসি নিজেদের ইচ্ছা অনুযায়ী কোন কাজ করলে তার বিল এ প্রকল্প হতে পরিশোধ করা হবে না;

(৭) প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট পিআইসি দায়ী থাকবেন;

(৮) প্রকল্প বাস্তবায়নে কোন সমস্যা পরিলক্ষিত হলে পিআইসি বিশেষ প্রয়োজনে তা তদারকি কমিটিকে লিখিতভাবে অবহিত করতে পারবেন; এবং

(৯) প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলার নির্বাহী প্রকৌশলী/সিনিয়র সহকারী প্রকৌশলী/উপজেলা প্রকৌশলী /উপ-সহকারী প্রকৌশলী প্রকল্পভুক্ত কার্যক্রমসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে পারবেন।

**(খ) তদারকি কমিটি গঠন (৫ সদস্য বিশিষ্ট):**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | - | আহ্বায়ক |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত উপজেলা পর্যায়ের ২ (দুই) জন কর্মকর্তা | - | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রতিনিধি ১ (এক) জন | - | সদস্য |
| ৪. | উপজেলা প্রকৌশলী | - | সদস্য-সচিব |

**তদারকি কমিটির কার্যপরিধি:**

(১) তদারকি কমিটি বাস্তবায়নাধীন কাজ সরেজমিন তদারকি করবেন এবং গুণগতমান নিশ্চিত করে প্রকল্পের কাজ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;
(২) প্রকল্প বাস্তবায়নের স্বার্থে তদারকি কমিটি (প্রয়োজন অনুযায়ী) জরুরি সভা আহ্বান করে সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
(৩) কমিটির সদস্যগণ স্ব-স্ব উপজেলায় বাস্তবায়নাধীন কাজ পরিদর্শন করবেন এবং কৃত কাজের ভিত্তিতে বিল পরিশোধের স্বপক্ষে যথাযথ প্রত্যয়ন প্রদান করবেন;
(৪) প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার আর্থিক অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে কমিটি প্রচলিত বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন; এবং
(৫) কমিটি প্রয়োজন অনুযায়ী সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

০১/০৭/২০২৫


এ. বি. এম. আরিফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৯৫৭৫৫৬৭
ইমেইল : lgdev2@lgd.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৩. সিনিয়র সচিব/সচিব, -------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল);

চলমান পৃষ্ঠা-৩

৪. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৫. জেলা প্রশাসক (সকল);
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা;
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৯. উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ];
১০. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১২. প্রকল্প পরিচালক, "সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২ (GSID-2)", এলজিইডি, আগারগাঁও, ঢাকা;
১৩. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল জেলা);
১৪. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
১৫. উপজেলা প্রকৌশলী (সকল)।